জাতীয় পার্টিই জাতীয়তাবাদের মূলশক্তি : জি এম কাদের

জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ (জিএম) কাদের বলেছেন, আগামী দিনে জাতীয় পার্টি থাকবে জাতীয়তাবাদের মূল শক্তি হিসেবে। তাই জাতীয় পার্টির পতাকা তলে সব জাতীয়তাবাদী শক্তিকে একত্রিত হতে হবে।

সোমবার দুপুরে রাজধানীর বনানীতে জাতীয় পার্টির চেয়ারম্যানের কার্যালয়ে বিএনপির ঢাকা মহানগর উত্তরের সাংগঠনিক সম্পাদক সৈয়দ মঞ্জুর হোসেনের নেতৃত্বে শতাধিক নেতাকর্মীর যোগদান অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।
এ সময় কাদের বলেন, বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির উজ্জ্বল দৃষ্টান্ত একটি দেশ। আমাদের নেতা পল্লীবন্ধু হুসেইন মুহম্মদ এরশাদই এদেশে সকল ধর্মের মানুষের মধ্যে সহাবস্থানের পরিবেশ সৃষ্টি করেছেন। আমরা তার আদর্শই বাস্তবায়ন করে যাব।

তিনি আরো বলেন, জাপার রাজনীতিতে বিশ্বাস করেই বিএনপির নেতাকর্মীরা যোগদান করছেন। আগামীতে আরো নেতাকর্মী জাতীয় পার্টিতে যোগ দিবেন।

এসময় জাপায় যোগদান করা বিএনপি নেতা সৈয়দ মনজুর হোসেনকে অভিনন্দন জানিয়ে পার্টির চেয়ারম্যান বলেন, আমরা এখনো শোকাহত। আপনাদের এই যোগদান শোককে শক্তিতে পরিণত করবে।

এ সময় যোগদানকারী বিএনপি নেতা মঞ্জুর হোসেন বলেন, ৮৬ সাল থেকে জনসেবায় বিএনপির সঙ্গে রাজনীতি করছি। বিগত এক যুগ হয়ে গেল জনগণের কল্যাণে কোন কাজ করার সুযোগ পাচ্ছি না। পল্লীবন্ধুর মৃত্যুর পর তার জনপ্রিয়তা দেখে আমি অনুপ্রাণিত হই। এরশাদের আদর্শ ছিল জনকল্যাণমূলক। এরশাদের অহিংস রাজনীতির আদর্শে অনুপ্রাণিত হয়ে আমারা পার্টিতে যোগদান করলাম।
এ সময় উপস্থিত ছিলেন পার্টির প্রেসিডিয়াম সদস্য সুনীল শুভ রায়, ভাইস চেয়ারম্যান মোস্তাকুর রহমান মোস্তাক, যুগ্ম মহাসচিব হাসিবুল ইসলাম জয় ও সুজন দে সহ নেতাকর্মীরা।